গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

# সূচীপত্র


কর্মসম্পাদনের সার্বিক চিত্র..........................................................................................................৩

উপক্রমণিকা.................................................................................................................................৪

সেকশন -১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী...............................৫

সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ................................................৬

সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার,কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ....................................৭-৮

সংযোজনী-১: শব্দ সংক্ষেপ (Acronyms) ......................................................................................১০

সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি............................................................১১

সংযোজনী-৩ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা.....................১২

# কৃষি বিপণন অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

# (Overview of the Performance of Department of Agricultural Marketing)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### ● সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ

কৃষক গ্রুপ গঠন, কৃষক প্রশিক্ষণ, বাজার তথ্য প্রচার, বাজার অবকাঠামো ও কৃষিপণ্যের মূল্য সংযোজন সুবিধা সৃষ্টি, ইত্যাদি কার্যর্ক্রম বাস্তবায়নের মাধ্যমে কৃষিপণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি বিপণন অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটের (ইন্টারনেটে) মাধ্যমে বাজার তথ্য সংগ্রহ ও প্রচার কার্যক্রমের আওতায় ৬০,০০০ বাজার মূল্য ও ১২০০০ বুলেটিন প্রকাশ করা হয়েছে। এছাড়া গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনাপূর্বক বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতকরণ বিষয়ক ১২০০ প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ইতোপূর্বে নির্মিত ২১টি পাইকারী বাজার, ৬০টি গ্রোয়ার্স মার্কেট এবং ঢাকার গাবতলীতে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত সেন্ট্রাল মার্কেট এর আওতায় ১টি ট্রাক, ৭টি কুল ভ্যান ও ১১টি কুল চেম্বারের মাধ্যমে প্রয়োজনীয় বিপণন সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। কৃষিপণ্য বাজারজাতকরণ ও মূল্য সংযোজনের লক্ষ্যে ০৫টি অফিস কাম প্রসেসিং এ্যান্ড ট্রেনিং সেন্টার এবং নির্বাচিত জেলাসমূহে ১৪টি এ্যাসেম্বল সেন্টার নির্মাণ করা হয়েছে। এছাড়া ৩০টি স্বল্প খরচে গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে ১১৫৭টি ফার্মাস মার্কেটিং গ্রুপ গঠন, ২৫০০ জনকে মোটিভেশনাল ট্যুর প্রদান এবং সর্বমোট ১৯,৯০০ জন কৃষককে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। শস্য গুদাম ঋণ কার্যক্রমের অধীনে ৩২টি জেলায় ৭৯টি উপজেলায় বিদ্যমান ১১৫টি গুদামের মাধ্যমে ১৫,২১৫ জন কৃষকের ১৮,৪১১ মেট্রিক টন শস্য সংরক্ষণ এর বিপরীতে মোট ২৪৩২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বাংলাদেশ কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রন আইন, ১৯৬৪ (সংশোধিত ১৯৮৫)-এর যথাযথ বাস্তবায়নের মাধ্যমে বাজারকারবারীদের নিকট হতে লাইসেন্স ফি বাবদ ৩.৯২ কোটি টাকা আদায়পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

### ● সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

উপযুক্ত জনবলের অভাবে বিপণন সংশ্লিষ্ট অগ্র ও পশ্চাদ বাজার সংযোগ (backward-forward linkage), মূল্য সংযোজন, সাপ্লাই চেইনসহ দল ও চুক্তি ভিত্তিক বিপণন যোগসূত্র স্থাপন কার্যক্রম ব্যাহত হচ্ছে। পর্যাপ্ত সংখ্যক জনবল না থাকায় মাঠ পর্যায়ের অফিসগুলো দ্বারা ব্যাপক আকারের কৃষক গোষ্ঠীকে কাঙ্খিত বিপণন সেবা প্রদান করা সম্ভবপর হচ্ছে না। আধুনিক ও যুগোপযোগী বিপণন সেবা নিশ্চত করার জন্য প্রয়োজনীয় লজিস্টিকস্ যেমন: নিজস্ব অফিস ভবন, প্রশিক্ষন কেন্দ্র, যানবাহন ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রয়োজন।

### ● ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকীকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখা এবং গুরুত্বপূর্ণ হাট-বাজার ও উৎপাদন এলাকায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ করা । বাজার সিন্ডিকেট তৈরির মাধ্যমে অধিক মুনাফা লাভ রোধকল্পে বাজারে কৃষি উপকরণ ও কৃষিপণ্যের মজুদ ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে পণ্যের উৎপাদন, আমদানী ও রপ্তানী বিষয়ে হালনাগাদ তথ্য-উপাত্ত সংগ্রহ এবং কৃষিপণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন। স্বল্প খরচে সংরক্ষণ সুবিধা প্রচলনের লক্ষ্যে গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ এবং কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ এবং ক্ষুদ্র উদ্যোক্তা পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ঋণ সুবিধা, পণ্য ব্র্যান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। এছাড়া কৃষি বিপণন তথ্য ব্যবস্থাপনায় আইসিটির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ই-এগ্রিকালচারাল মার্কেটিং সিস্টেম প্রচলনসহ ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের উদ্যোগ গ্রহণ।

## ২০১৭-১৮ অর্থবছরে কৃষি বিপণন অধিদপ্তরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বাজার তথ্য বিষয়ে ওয়েবসাইটের মাধ্যমে ২০,০০০টি বাজার দর ও ৪,০০০টি বুলেটিন এবং ৩০০টি প্রতিবেদন প্রকাশ;
- ২০০টি কৃষক বিপণন দল গঠন; ৩৫০০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান এবং ৪৮০ জন দলভুক্ত কৃষক প্রতিনিধিকে মোটিভেশনাল ট্যুর এবং ১৫০০ জন কৃষি উদ্যোক্তাকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও ১০টি ওয়ার্কশপ ও সেমিনার আয়োজন। শগঋক সুবিধা প্রাপ্ত কৃষক ৪০০০ জন ও ৫০০০ মেঃটন শস্য গুদামে শস্য জমা;
- বাংলাদেশ কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রন আইন, ১৯৬৪ (সংশোধিত ১৯৮৫)-এর যথাযথ প্রয়োগের মাধ্যমে বাজারকারবারীদের নিকট হতে লাইসেন্স ফি বাবদ ১.৩২ কোটি টাকা রাজস্ব আদায়;
- ২টি এ্যাসেম্বল সেন্টার নির্মাণ ও ১০টি স্বল্প খরচে গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ।

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

এবং

সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন -১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objective) এবং কার্যাবলী(Functions):

### ১.১ রূপকল্প (Vision):

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

### ১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য সমূহ (Strategic Objective):

কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন।

### ১.৩.২ আবশ্যক কৌশলগত উদ্দেশ্য সমূহ:

- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
- কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;
- দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
- তথ্য অধিকার বাস্তবায়ন জোড়দারকরণ;
- আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলী (Functions):

১) কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ।

২) বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

৩) গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পূর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সহায়তা প্রদান।

৪) কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা।

৬) ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

৭) "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান।

৮) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

সেকশন ২

## কৃষি বিপণন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance indicators) | একক | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [Source of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| বাজার তথ্যের সহজ প্রাপ্যতা | ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | সংখ্যা | ২০০০০ | ২০০০০ | ২০০০০ | ২০০০০ | ২০০০০ | বিটিসিএল | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট |
| কৃষকের সক্ষমতা বৃদ্ধি | প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ৩৫০০ | ৬৪০০ | ৩৫০০ | ৪০০০ | ৪০০০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| | গঠিত কৃষক বিপণন দল | সংখ্যা | ১০০ | ১৬০ | ২০০ | ২৫০ | ৩০০ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| কৃষকের বাজার সংযোগ বৃদ্ধি | নির্মিত এসেম্বল সেন্টার | সংখ্যা | ৪ | ৪ | ২ | ৩ | ৪ | এলজিইডি | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম ( Activities ) | কর্মসম্পাদন সূচক ( Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators ) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ক্রাইটেরিয়ামান ( Target/Criteria Value for FY 2017-18 ) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য সমূহ (৮০) | | | | | | | | | | | | | | |
| ১। কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন ব্যবস্থার উন্নয়ন | ৩০ | ১.১ কৃষি বিপণন এবং উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (৩০) | ১.১.১. ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | সংখ্যা | ১০ | ২০০০০ | ২০০০০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২০০০০ | ২০০০০ |
| | | | ১.১.২ প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ০৫ | ৪০০০ | ৪০০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ৪০০০ | ৪০০০ |
| | | | ১.১.৩ প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ১০ | ৩০০ | ৩০০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২২৫ | ২০০ | ৩০০ | ৩০০ |
| | | | ১.১.৪ বিপণন বিষয়ক প্রচার ও প্রচারণা (পোষ্টার, হ্যন্ডবিল, স্টিকার, ব্রুশিয়ার, বুকলেট, ইত্যাদি) | সংখ্যা | ০৫ | ৬০০০ | ৩২০০০ | ১৬০০০ | ১৫০০০ | ১৪০০০ | ১৩০০০ | ১২০০০ | ২০০০০ | ২২০০০ |
| | ৪০ | ১.২ বিপণন ব্যবস্থার উন্নয়নে প্রশিক্ষণ ও দলগঠন (৪০) | ১.২.১ প্রশিক্ষিত কৃষক ও কৃষি ব্যবসায়ী | সংখ্যা | ০৫ | ২৪৪০ | ৬৪০০ | ৩৫০০ | ৩৩০০ | ৩২০০ | ৩১০০ | ৩০০০ | ৪০০০ | ৫০০০ |
| | | | ১.২.২ বাজার কারবারীদের নিকট হতে লাইন্সেস ফি বাবদ আদায়কৃত রাজস্ব | কোটি টাকা | ০৫ | ১.২৫ | ১.৩০ | ১.৩২ | ১.২৮ | ১.২৫ | ১.২০ | ১.১৫ | ১.৩৫ | ১.৪০ |
| | | | ১.২.৩ নির্মিত এসেম্বল সেন্টার | সংখ্যা | ০৫ | ৪ | ৪ | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| | | | ১.২.৪ গৃহ পর্যায়ে নির্মিত আলু সংরক্ষাণাগার | সংখ্যা | ০৫ | ১০ | ২০ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | - | - |
| | | | ১.২.৫ গঠিত কৃষক বিপণন দল | সংখ্যা | ০৫ | ১০০ | ১৬০ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ২৫০ | ৩০০ |
| | | | ১.২.৬ আয়োজিত মোটিভেশনাল ট্যুর | জন | ০৫ | ৩৬০ | ৮০০ | ৪৮০ | ৪৫০ | ৪২০ | ৪০০ | ৩৮০ | ৫৫০ | ৬০০ |
| | | | ১.২.৭ অয়োজিত ওয়ার্কশপ ও সেমিনার | সংখ্যা | ০৫ | ৬ | ৮ | ১০ | ৮ | ৭ | ৬ | ৫ | ১২ | ১৪ |
| | | | ১.২.৮ শগঋক সুবিধাপ্রাপ্ত কৃষক | সংখ্যা | ০৩ | ৬০০০ | ৫০০০ | ৪০০০ | ৩৬০০ | ৩৪০০ | ৩২০০ | ৩০০০ | ৪০০০ | ৪০০০ |
| | | | ১.২.৯ শস্যগুদামে জমাকৃত শস্য | মে. টন | ০২ | ৭০০০ | ৬০০০ | ৫০০০ | ৪৭০০ | ৪৫০০ | ৪৩০০ | ৪২০০ | ৫০০০ | ৫০০০ |
| | ১০ | ১.৩ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা (১০) | ১.৩.১ প্রদানকৃত উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | সংখ্যা (জন) | ০৫ | ৫০ | ২০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১২০০ | ১১০০ | ১৬০০ | ১৮০০ |
| | | | ১.৩.২ প্রসেসিং এ্যান্ড ট্রেনিং সেন্টারের কারিগরী সুবিধা প্রাপ্ত কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী | সংখ্যা | ০৫ | ৭০ | ১৯৫ | ২০০ | ১৯০ | ১৮০ | ১৭০ | ১৬০ | ২৫০ | ৩০০ |

***সাময়িক তথ্য**

নোট: (১) রিভলভিং ফান্ড কার্যক্রম ২০১৭ সালে সমাপ্ত হবে বিধায় উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক সূচকটি বর্তমান অর্থ বছরে বাদ দেওয়া হয়েছে।

(২) বর্তমান অর্থ বছরে ০২টি প্রকল্প সমাপ্ত হবে বিধায় কৃষক প্রশিক্ষণের সংখ্যা কমানো হয়েছ।

(৩) শস্যগুদাম কার্যক্রম সংকুচিত হওয়ার কারণে শগঋক সুবিধাপ্রাপ্ত কৃষকও জমাকৃত শস্যের পরিমান হ্রাস পেয়েছে।

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রার মান: ২০১৭-২০১৮ (Target Value: 2017-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতিমান (Fair) ৭০% | চলতিমানের নিম্নে (poor) ৬০% |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ (২০) | | | | | | | | | | |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রনালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বর্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | -- | -- | -- |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২১ জানুয়ারী |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | মাঠ পর্যায়ের কার্যালয় কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | -- | -- |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি সেবা প্রক্রিয়া সহজীকৃত | সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | -- |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | -- | -- | -- | -- |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | -- | -- |
| | | সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | -- |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবাপ্রত্যাশী এবং দর্শণার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | -- | -- |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষনের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারি | -- | -- |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষনের সময় | ঘন্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়নে কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রনীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | -- | -- | -- |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | -- | -- | -- |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোড়দারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্যবাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | -- | -- |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, কৃষি মন্ত্রণালয়ের এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

মহাপরিচালক তারিখ
কৃষি বিপণন অধিদপ্তর

সচিব তারিখ
কৃষি মন্ত্রণালয়

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ২ | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ৩ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৪ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ৫ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ ইনস্টিটিউট |
| ৭ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ৮ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৯ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ১০ | ইবিএল | ইস্টার্ন ব্যাংক লিমিটেড |
| ১১ | এফএমজি | ফার্মার্স মার্কেটিং গ্রুপ |
| ১২ | এলজিইডি | লোকাল গর্ভমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট/প্রকল্প | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | [১.১] কৃষি বিপণন এবং উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [১.১.১] ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা পর্যায় থেকে বিভিন্ন কৃষিপণ্যের বাজারদর সংগ্রহ করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক বাজারদর কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট। | |
| | | [১.১.২] প্রকাশিত বুলেটিন | কৃষি পণ্যের বাজার মূল্য, ফসল সংগ্রহোত্তর সংরক্ষণ, বিপণন ইত্যাদি তথ্য সম্বলিত কৃষি বিপণন বুলেটিন প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | প্রকাশিত বুলেটিন। | |
| | | [১.১.৩] প্রকাশিত প্রতিবেদন | কৃষি বিপণন সম্পর্কিত বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। | |
| | | [১.১.৪ ] বিপণন বিষয়ক প্রচার ও প্রচারণা (পোষ্টার, হ্যান্ডবিল, স্টিকার, ব্রুশিয়ার, বুকলেট, ইত্যাদি) | কৃষি পণ্যের বিপণন বিষয়ক বিভিন্ন তথ্য যেমন প্যাকেজিং, সর্টিং, গ্রেডিং, সংরক্ষন ও বাজারজাতকরণ প্রভৃতি তথ্য সম্বলিত পোষ্টার, হ্যান্ডবিল, স্টিকার, ব্রুশিয়ার, ইত্যাদি প্রচার করা। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | প্রকাশিত প্রচারনার সংখ্যা | |
| ২। | [১.২] বিপণন ব্যবস্থার উন্নয়নে প্রশিক্ষণ ও দলগঠন | [১.২.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন। | |
| | | [১.২.২] বাজার কারবারীদের নিকট হতে লাইন্সেস ফি বাবদ আদায়কৃত রাজস্ব | ইস্যুকৃত নুতন লাইসেন্স ও নবায়নকৃত চলমান লাইসেন্সের ফি বাবদ আদায়কৃত নন-ট্যাক্স রাজস্ব সরকারী কোষাগারে জমাদান। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | | [১.২.৩] নির্মিত এসেম্বল সেন্টার | কৃষকদের সহজ বাজার প্রবেশাধিকারের সুযোগ সৃষ্টির লক্ষ্যে বাজার অবকাঠামো সুবিধা যথা: এসেম্বল সেন্টার নির্মান করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত এসেম্বল সেন্টারের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| | | [১.২.৪] গৃহ পর্যায়ে নির্মিত আলু সংরক্ষণাগার | কৃষকদের সংরক্ষন সুবিধা সৃষ্টির লক্ষ্যে গৃহ পর্যায়ে নির্মাণকৃত আলু সংরক্ষণাগার নির্মান করা। | সংশ্লিষ্ট কর্মসূচী অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | নির্মিত আলু সংরক্ষণাগারের সংখ্যা এবং কর্মসূচী কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| | | [১.২.৫] গঠিত কৃষক বিপণন দল | দলগতভাবে বিপণন কার্যক্রম চালানোর জন্য নির্দিষ্ট সংখ্যক কৃষকদের নিয়ে দল গঠন করা। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | গঠিত কৃষক বিপণন দলের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| | | [১.২.৬] আয়োজিত মোটিভেশনাল ট্যুর | সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৃষকদের দলবদ্ধভাবে গুরুত্বপূর্ণ কৃষি বিপণন কার্যক্রম সরেজমিন পরিদর্শনের ব্যবস্থা করানো হয়। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | মোটিভেশনাল ট্যুর প্রাপ্ত কৃষকের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| | | [১.২.৭] আয়োজিত ওয়ার্কশপ ও সেমিনার | বাজার সংযোগ ও অন্যান্য প্রচরনামূলক কার্যক্রম চালানোর জন্য ওয়ার্কশপ/ সেমিনার আয়োজন করা হয়। | সংশ্লিষ্ট প্রকল্প অফিস, কৃষি বিপণন অধিদপ্তর | আয়োজনকৃত ওয়ার্কশপ/ সেমিনারের সংখ্যা এবং প্রকল্প কর্তৃক প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রতিবেদন। | |
| | | [১.২.৮] শগঋক সুবিধাপ্রাপ্ত কৃষক | শগঋকের আওতায় গ্রুপভূক্ত কৃষক সদস্যদের প্রশিক্ষন, মোটিভেশন প্রদান করা ও শস্য সংরক্ষন সুবিধা প্রদান করা। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | | [১.২.৯] শস্যগুদামে জমাকৃত শস্য | শগঋকের আওতায় গ্রুপভূক্ত কৃষক সদস্যদের শস্য গুদামে সংরক্ষন/ জমা রাখা। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| ৩। | [১.৩] কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা | [১.৩.১] প্রদানকৃত উদ্যক্তো উন্নয়ন প্রশিক্ষণ | কৃষি ব্যবসার উদ্যোক্তা সৃষ্টির জন্য বিভিন্ন তথ্য সরবরাহ করে এবং প্রশিক্ষণ প্রদান করে কৃষি ব্যবসায় উদ্যোক্তা উন্নয়নে সহায়তা করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | | [১.৩.২] প্রসেসিং এ্যান্ড ট্রেনিং সেন্টারের কারিগরী সুবিধা প্রাপ্ত কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী | প্রসেসিং এ্যান্ড ট্রেনিং সেন্টারের বিদ্যমান কারিগরী সুযোগসুবিধা সমুহের ব্যবহারের মাধ্যমে কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকারী সৃষ্টিতে সহায়তা করা হয়। | কৃষি বিপণন অধিদপ্তর (ডিএএম) | কৃষি বিপণন অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

**সংযোজনী ৩ :**অন্যান্য প্রতিষ্ঠানের/ .....................বিভাগের/ নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয় বিভাগের/ প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| (প্রযোজ্য নহে) | | | | | | |